**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**জাতীয় রাজস্ব বোর্ড**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১** বঙ্গাব্দ/ **২৯ মে, ২০২৪** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২০৭-আইন/২০২৪/৫৯/কাস্টমস**।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ৯৬ এর দফা (চ), ধারা ২৪৩ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন**।— (১) এই বিধিমালা এক্সপ্রেস পদ্ধতির আওতাভুক্ত পণ্যচালান দ্রুত খালাসকরণ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) কাস্টমস আইন, ২০২৩ কার্যকর হইবার সঙ্গে সঙ্গে এই বিধিমালা প্রণয়ন করা প্রয়োজন বিধায়, ইহা ৬ জুন, ২০২৪ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"অন-বোর্ড এক্সপ্রেস সার্ভিস"** অর্থ এইরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠান, যিনি অনুমোদিত স্থল কাস্টমস রুটের মাধ্যমে এক্সপ্রেস পদ্ধতিতে পণ্য আনয়ন সেবা প্রদানের জন্য বিধি ৬ এর উপ-বিধি (৩) এর অধীন অন-বোর্ড এক্সপ্রেস সার্ভিস হিসাবে লাইসেন্সপ্রাপ্ত;

(খ) "**আন্তর্জাতিক এয়ার এক্সপ্রেস সার্ভিস"** অর্থ এইরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠান, যিনি কাস্টমস বিমানবন্দরের মাধ্যমে এক্সপ্রেস পদ্ধতিতে পণ্য আনয়ন সেবা প্রদানের জন্য বিধি ৬ এর উপ-বিধি (৩) এর অধীন আন্তর্জাতিক এয়ার এক্সপ্রেস সার্ভিস হিসাবে লাইসেন্সপ্রাপ্ত;

(গ) **"আন্তঃসীমান্ত ই-কমার্স প্রতিষ্ঠান"** অর্থ কোনো ই-কমার্স প্রতিষ্ঠান যাহা ইলেকট্রনিক মাধ্যমে পণ্য প্রদর্শন এবং সরবরাহ আদেশ প্রাপ্ত হইয়া এক দেশ হইতে অন্য দেশে এক্সপ্রেস সার্ভিসযোগে উক্ত পণ্য সরাসরি গ্রাহক বরাবর প্রেরণ বা সরবরাহ করিয়া থাকে;

(ঘ) "**উপহার সামগ্রী**" অর্থ আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ এ বর্ণিত প্রকৃত উপহার সামগ্রী;

(ঙ) **"এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান"** অর্থ অন-বোর্ড এক্সপ্রেস সার্ভিস বা আন্তর্জাতিক এয়ার এক্সপ্রেস সার্ভিস;

(চ) **"এজেন্ট"** অর্থ এইরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি আইনের ধারা ২৪৩ এর অধীন লাইসেন্সপ্রাপ্ত;

(ছ) **"কাস্টমস কম্পিউটার সিস্টেম"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১৫) এ সংজ্ঞায়িত কাস্টমস কম্পিউটার সিস্টেম;

(জ) **"গ্রাহক"** অর্থ কনসাইনর (consignor) বা প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্ট, কাউন্টারপার্ট (counterpart) কর্তৃক ইস্যুকৃত বিল অব লেডিং, হাউজ এয়ারওয়ে বিল বা কনসাইনমেন্ট নোটে উল্লিখিত প্রাপক;

(ঝ) **"ডকুমেন্টস"** অর্থ বাণিজ্যিক মূল্যহীন, হস্তলিখিত বা মুদ্রিত দলিলাদি, টেন্ডার ডকুমেন্ট, ম্যাপ, কারিগরি নকশা, সার্ভে রিপোর্ট, ভূতাত্বিক জরিপ রিপোর্ট, ক্যাটালগ, প্রোডাক্ট ম্যানুয়াল, অপারেশন ও মেইন্টেন্যান্স ম্যানুয়াল, পাসপোর্ট বা অনুরূপ পণ্য, যেকোনো ধরনের বৈধ সংবাদপত্র, ম্যাগাজিন, সাময়িকী, জার্নাল, ইত্যাদি, যাহা মোড়ক, বান্ডিল, কার্টন, বাক্স বা এনভেলপের মধ্যে মোড়কজাত করা হইয়া থাকে;

(ঞ) **"ডি মিনিমিস"** অর্থ কাস্টমস (ডি মিনিমিস) বিধিমালা, ২০১৯ এর বিধি ২ এর দফা (ক) এ সংজ্ঞায়িত ডি মিনিমিস;

(ট) **"নমুনা"** অর্থ আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ এ বর্ণিত প্রকৃত নমুনা বা স্যাম্পল;

(ঠ) **"প্রেরক"** অর্থ কনসাইনর (consignor) বা প্রিন্সিপাল, তাহার বৈধ এজেন্ট, কাউন্টারপার্ট (counterpart) কর্তৃক ইস্যুকৃত বিল অব লেডিং, হাউজ এয়ারওয়ে বিল বা কনসাইনমেন্ট নোটে উল্লিখিত প্রেরক;

(ড) **"ফরম"** অর্থ এই বিধিমালার ফরম;

(ঢ) **"বিজ্ঞাপন সামগ্রী"** অর্থ আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ এ বর্ণিত প্রকৃত বিজ্ঞাপন সামগ্রী;

(ণ) **"ব্যক্তি"** অর্থে কোনো কোম্পানি, অংশীদারি কারবারী, লিমিটেড কোম্পানি বা প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত হইবে;

(ত) **"লাইসেন্স"** অর্থ এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের মাধ্যমে আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য ব্যবস্থাপনা ও খালাস এর জন্য বিধি ৬ এর অধীন প্রদত্ত লাইসেন্স; এবং

(থ) **"লাইসেন্সিং কর্তৃপক্ষ"** অর্থ বিধি ৪ এ বর্ণিত লাইসেন্সিং কর্তৃপক্ষ।

৩। **লাইসেন্স**।— এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের মাধ্যমে আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য ব্যবস্থাপনা ও খালাসের জন্য অন-বোর্ড এক্সপ্রেস সার্ভিস এবং আন্তর্জাতিক এয়ার এক্সপ্রেস সার্ভিস-কে এই বিধিমালার বিধান অনুযায়ী লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

৪। **লাইসেন্সিং কর্তৃপক্ষ**।— এই বিধিমালার উদ্দেশ্যেপূরণকল্পে, লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে কোনো কমিশনার অব কাস্টমস বা, প্রযোজ্য ক্ষেত্রে, কোনো কমিশনার অব কাস্টমস (বন্ড)।

৫। **লাইসেন্সের আবেদন**।— আবেদনকারীকে লাইসেন্সের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট **ফরম ক** অনুযায়ী নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ আবেদন করিতে হইবে, যথা:-

(ক) আর্থিক স্বচ্ছলতার সপক্ষে ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(খ) মূসক নিবন্ধন সনদ ও হালনাগাদ মূসক পরিশোধের প্রমাণপত্র;

(গ) আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সর্বশেষ করবর্ষে নিরূপিত আয়ের সার্টিফিকেট এবং আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্রের কপি;

(ঘ) মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩ এর অধীন অন বোর্ড বা আন্তর্জাতিক মেইলিং অপারেটর অথবা কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান হিসাবে প্রাপ্ত লাইসেন্সের কপি, যেক্ষেত্রে যাহা প্রযোজ্য;

(ঙ) প্রিন্সিপাল বা প্রিন্সিপালের বৈধ এজেন্ট বা কাউন্টার পার্টের সহিত সম্পাদিত চুক্তিপত্রের কপি;

(চ) পণ্য সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের অভ্যন্তরে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চৌহদ্দি উল্লেখপূর্বক স্থান চিহ্নিতকরণসহ যুক্তিসংগত পরিমাণ স্পেসের বরাদ্দপত্রের কপি;

(ছ) আবেদনকারীর অথবা আবেদনকারী কোনো সংস্থা বা প্রতিষ্ঠান হইলে, উক্ত সংস্থা বা প্রতিষ্ঠানের প্রধানসহ ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি এবং প্রযোজ্য ক্ষেত্রে, উক্ত সংস্থা বা প্রতিষ্ঠানের পরিচালকবৃন্দের প্রত্যেকের ৩ (তিন) কপি করিয়া পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি; এবং

(জ) আবেদনকারীর সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের সোনালী ব্যাংক পিএলসি এর শাখায় চলতি হিসাব পরিচালনা সংক্রান্ত দলিলাদি।

৬। **লাইসেন্স প্রদান**।— (১) বিধি ৫ এর অধীন আবেদন প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ অনধিক ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে উক্ত আবেদন, সংশ্লিষ্ট দলিলাদি ও

তথ্যের যথার্থতা যাচাই করিবে অথবা, প্রয়োজনে, অন্য যে কোনো তথ্য সরবরাহ করিবার জন্য আবেদনকারীকে নির্দেশ দিতে পারিবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কার্যক্রম গ্রহণ শেষে লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীকে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিবার নির্দেশ প্রদান করিবে, যথা:-

(ক) জামানত হিসাবে লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে **ফরম খ** অনুযায়ী-

(অ) অন-বোর্ড এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানকে যে কোনো তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ১ (এক) লক্ষ টাকার নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি; এবং

(আ) আন্তর্জাতিক এয়ার এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানকে যে কোনো তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ৫ (পাঁচ) লক্ষ টাকার নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি;

(খ) সংশ্লিষ্ট প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্ট বা কাউন্টারপার্ট ব্যতীত অন্য কোনো প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্ট বা কাউন্টারপার্ট এর নিকট হইতে পণ্য চালান আনয়ন করিবেন না মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা;

(গ) আন্তর্জাতিক এয়ার এক্সপ্রেস অ্যাসোসিয়েশনের সদস্যভুক্তির হালনাগাদ সনদপত্রের কপি;

(ঘ) কর্তৃপক্ষের অনুকূলে লাইসেন্স ফি বাবদ-

(অ) অন-বোর্ড এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের জন্য অফেরতযোগ্য ২০ (বিশ) হাজার টাকার এ-চালান (Automated Challan); এবং

(আ) আন্তর্জাতিক এয়ার এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের জন্য অফেরতযোগ্য ১ (এক) লক্ষ টাকার এ-চালান (Automated Challan);

(ঙ) আইনের ধারা ১০৯ এর উপ-ধারা (১) অনুযায়ী **ফরম-গ** অনুসারে বন্ড; এবং

(চ) আবেদনকারীর সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের সোনালী ব্যাংক পিএলসি এর শাখায় প্রিপেইড একাউন্ট পরিচালনা সংক্রান্ত দলিলাদি।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত দলিলাদি যাচাই পরবর্তীতে মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে লাইসেন্সিং কর্তৃপক্ষ দলিলাদি প্রাপ্তির তারিখ হইতে ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে **ফরম ঘ**-তে আবেদনকারীকে লাইসেন্স প্রদান করিবে।

৭। **লাইসেন্সের অনুলিপি প্রদান**।— লাইসেন্স হারাইয়া গেলে বা কোনো প্রকারে নষ্ট হইয়া গেলে সংশ্লিষ্ট এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক ১০ (দশ) হাজার টাকার এ-চালান লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর দাখিলপূর্বক লিখিত আবেদন করা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সের একটি অবিকল নকল প্রদান করিবে।

৮। **লাইসেন্সের অধিক্ষেত্র ও মেয়াদ**।— (১) লাইসেন্স উহার অধিক্ষেত্রে অবস্থিত কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনের জন্য প্রযোজ্য হইবে এবং উক্ত প্রযোজ্যতার বিষয়টি সুনির্দিষ্টভাবে লাইসেন্সে উল্লেখ করিতে হইবে।

(২) বিধি ৬ এর অধীন প্রদত্ত লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর।

৯। **কাস্টমস কম্পিউটার সিস্টেমের মাধ্যমে কার্য পরিচালনার জন্য ইউজার আইডি, পাসওয়ার্ড ও এজেন্ট নম্বর প্রদান**।— (১) লাইসেন্সিকে আমদানিকৃত পণ্যচালানের জন্য কাস্টমস কম্পিউটার সিস্টেমে কার্গো ঘোষণা দাখিল, পণ্য গ্রহণ, সংরক্ষণ, শুল্কায়ন, শুল্ক ও কর এবং অন্যান্য কর পরিশোধ, খালাস ও গ্রাহক পর্যায়ে সরবরাহের নিমিত্ত কার্য পরিচালনার জন্য কাস্টমস কর্তৃপক্ষের নিকট হইতে ইউজার আইডি, পাসওয়ার্ড ও Express Service Providers Identification Number (ESPIN) গ্রহণ করিতে হইবে।

(২) ইউজার আইডি, পাসওয়ার্ড ও ESPIN প্রাপ্তির জন্য লাইসেন্সির নিম্নবর্ণিত জনবল, অফিস সরঞ্জাম, তথ্য প্রযুক্তি নির্ভর সিস্টেম থাকিতে হইবে, যথা:—

(ক) তথ্য প্রযুক্তি ও কাস্টমস কম্পিউটার সিস্টেম সম্পর্কে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী;

(খ) অফিস সরঞ্জামাদি ও ইকুইপমেন্ট;

(গ) কাস্টমস কম্পিউটার সিস্টেমের গেটওয়েের মাধ্যমে আন্তঃসংযোগ স্থাপনের সুবিধা সম্বলিত স্বয়ংক্রিয় সিস্টেম (automated system), যাহাতে নিম্নবর্ণিত সুবিধাদি থাকিবে—

(অ) ইলেক্ট্রনিক পদ্ধতিতে কার্গো ঘোষণা দাখিলের ব্যবস্থা;

(আ) প্রয়োজনীয় অবকাঠামো এবং প্রতিটি চালান স্ক্যানিং সম্পন্নের জন্য নন-ইন্ট্রুসিভ ইন্সপেকশন ব্যবস্থা;

(ই) জিপিএস ট্র্যাকার/ বারকোড রিডার/ ট্র্যাক এবং ট্রেস সিস্টেম;

(ঈ) ডেটা সিনক্রোনাইজেশান সিস্টেম;

(উ) স্বয়ংক্রিয়ভাবে অ্যারাইভাল নোটিশ, রিলিজ অর্ডার ও এক্সিট নোট ইস্যুর ব্যবস্থা;

(ঊ) সোনালী ব্যাংক পিএলসিতে শুল্ক ও কর এবং অন্যান্য কর পরিশোধের জন্য প্রি-প্রেইড অ্যাকাউন্ট ও ইলেক্ট্রনিক পেমেন্ট সুবিধা;

(ঋ) স্বয়ংক্রিয় ইনভয়েস ইস্যুর ব্যবস্থা;

(এ) প্রেরক ও গ্রাহক এর তথ্য সংরক্ষণের ব্যবস্থা;

(ঘ) বন্দরের বাহিরে নিজস্ব ওয়্যারহাউস ও ডেলিভারি পয়েন্ট;

(ঙ) পণ্য গ্রাহকের নিকট পৌঁছাইয়া দেওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক ডেলিভারি ভ্যান;

(চ) হাইড্রলিক ট্রলি;

(ছ) সংবেদনশীল পণ্য সংরক্ষণের জন্য তাপমাত্রা নিয়ন্ত্রণের ব্যবস্থা;

(জ) ফর্ক লিফট;

(ঝ) গ্রাহক সেবা প্রদানের জন্য অনলাইন পোর্টাল এবং উক্ত পোর্টালের মাধ্যমে গ্রাহক বা প্রেরক কর্তৃক ট্র্যাকিং এর মাধ্যমে তাহার প্রেরিত বা প্রাপ্য পণ্যের অবস্থান সম্পর্কে জানার সুযোগ;

(ঞ) গ্রাহককে ইলেকট্রনিক্যালি পণ্য আগমনের তথ্য জানাইবার ব্যবস্থা;

(ট) প্রেরক বা গ্রাহক কর্তৃক পণ্যের বিপরীতে পরিশোধিত বা অপরিশোধযোগ্য শুল্ক ও কর এবং অন্যান্য কর সম্পর্কে তাৎক্ষণিক অবহিত হইবার সুযোগ;

(ঠ) গ্রাহক এবং প্রেরকের নিজস পণ্য চালানের ট্রানজেকশন সম্পর্কে অবহিত হইবার এবং ডাউনলোড করিবার জন্য লগ ইন করিবার ব্যবস্থা।

(৩) কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় অনুসন্ধান করিয়া উপ-বিধি (২) এ বর্ণিত জনবল, অফিস সরঞ্জাম, তথ্য প্রযুক্তি নির্ভর সিস্টেম সম্পর্কে নিশ্চিত হইয়া উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে কাস্টমস কম্পিউটার সিস্টেমের ইউজার আইডি ও পাসওয়ার্ড ইস্যু করিতে হইবে।

(৪) নিম্নবর্ণিত কোনো কারণে, কারণ দর্শানো ব্যতিরেকে, লাইসেন্সির অনুকূলে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বরাদ্দকৃত ইউজার আইডি ও পাসওয়ার্ড এবং ESPIN সাময়িকভাবে অকার্যকর করা যাইবে, যথা:-

(ক) উপ-বিধি (২) এ বর্ণিত জনবল, অফিস সরঞ্জাম, তথ্য প্রযুক্তি নির্ভর সিস্টেমে কোনো শর্তের ঘাটতি পরিলক্ষিত হইলে;

(খ) দায়িত্ব ও কর্তব্য পালনে ব্যর্থ হইলে;

(গ) ধারাবাহিকভাবে ৩ (তিন) মাস কার্যক্রম পরিচালনা না করিলে;

(ঘ) লাইসেন্স নবায়ন না করিলে;

(ঙ) অসদাচরণ করিলে;

(ঙ) চোরাচালান বা শুল্ক ও কর বা অন্যান্য কর ফাঁকির সহিত সম্পৃক্ততা পাওয়া গেলে।

১০। **লাইসেন্স নবায়ন।**— (১) লাইসেন্সের মেয়াদ অতিক্রান্ত হইবার ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবস পূর্বে লাইসেন্স নবায়নের জন্য ফি বাবদ অন-বোর্ড এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানকে ২০ (বিশ) হাজার এবং আন্তর্জাতিক এয়ার এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানকে ৫০ (পঞ্চাশ) হাজার টাকা এ-চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করিয়া চালানের কপিসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নিম্নবর্ণিত দলিলাদিসহ আবেদন করিতে হইবে, যথা:-

(ক) মূল লাইসেন্সের কপি;

(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি;

(গ) হালনাগাদ আয়কর সনদ ও হালনাগাদ রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্রের কপি;

(ঘ) সর্বশেষ ৩ (তিন) মাসের অনলাইনে ভ্যাট রিটার্ন দাখিলের প্রমাণপত্র;

(ঙ) হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে পরিশোধিত মূসক চালানের কপি, প্রযোজ্য ক্ষেত্রে;

(চ) নবায়ন ফি ও উহার উপর প্রযোজ্য মূসক পরিশোধের চালানের কপি;

(ছ) যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক Verified Document System (VDS) এ যাচাইকৃত বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন এর সত্যায়িত কপি, প্রযোজ্য ক্ষেত্রে;

(জ) ইন্টারন্যাশনাল এয়ার এক্সপ্রেস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এর হালনাগাদ নবায়নকৃত সদস্যভুক্তির সনদপত্র, প্রযোজ্য ক্ষেত্রে;

(ঝ) ফরম গ অনুযায়ী বন্ড।

(২) লাইসেন্সি উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে নবায়নের আবেদন করিতে ব্যর্থ হইলে তাহার লাইসেন্স স্থগিত হইবে, কাস্টমস কম্পিউটার সিস্টেমে প্রতিষ্ঠানের বিপরীতে বরাদ্দকৃত আইডি ও পাসওয়ার্ড ও ESPIN স্বয়ংক্রিয়ভাবে অকার্যকর করা হইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত ইউজার আইডি, পাসওয়ার্ড ও ESPIN স্বয়ংক্রিয়ভাবে অকার্যকর করিবার বিষয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষ ও কাস্টমস স্টেশনের অপারেশন ম্যানেজার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) উপ-বিধি (২) এর আওতায় কাস্টমস কম্পিউটার সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে অকার্যকরকৃত ইউজার আইডি ও পাসওয়ার্ড পুনরায় কার্যকর করিতে হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ হইতে পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত দলিলাদি এবং সংশ্লিষ্ট লাইসেন্সির বিগত মেয়াদের কার্যক্রম যাচাই বাছাইপূর্বক সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে লাইসেন্সটি নবায়ন করিবে।

(৬) নিম্নবর্ণিত কোনো কারণে লাইসেন্স নবায়ন করা হইবে না, যথা:-

(ক) প্রতিষ্ঠানের কার্যক্রম সন্তোষজনক না হইলে;

(খ) এই বিধিমালা বা লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গ করিলে; বা

(গ) লাইসেন্স সাময়িক স্থগিত থাকিলে।

(৭) এই বিধির অধীন কোনো কারণে লাইসেন্স নবায়ন করা সম্ভব না হইলে সংশ্লিষ্ট লাইসেন্সিকে আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে লিখিতভাবে বিষয়টি অবহিত করিতে হইবে।

১১। **লাইসেন্স স্থগিতকরণ ও বাতিল**।— (১) লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত যে কোনো কারণে কোনো এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানকে, কারণ দর্শাইবার যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া, উহাকে প্রদত্ত কোনো লাইসেন্স বাতিল করিতে পারিবে, যথা:-

(ক) লাইসেন্সে উল্লিখিত কোনো শর্ত ভঙ্গ করা হইলে;

(খ) কর্তব্য পালনে অবহেলা, দীর্ঘসূত্রতা বা অদক্ষতা বা অসদাচরণ করা হইলে;

(গ) স্বীয় গ্রাহকের আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যচালান সম্পর্কে কোনো মিথ্যা ঘোষণা উদঘাটনের ক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষকে যথাযথ সহযোগিতা না করিলে;

(ঘ) নিজ গ্রাহকের আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যচালানে এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের জ্ঞাতসারে ঘোষণা বহির্ভূত বা ঘোষণার অতিরিক্ত পণ্য আমদানি বা রপ্তানি করা হইলে এবং উহা কাস্টমস কর্তৃপক্ষকে অবহিত না করিলে;

(ঙ) কাস্টমস কর্মকর্তা কর্তৃক এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের নিকট চাহিত উহার ব্যবসায়িক আর্থিক লেনদেনের পূর্ণাঙ্গ দলিল, তৎকর্তৃক ব্যবস্থিত কাস্টমস দলিলাদি ও হিসাব গোপন বা

অপসারণ বা ধ্বংস করিলে বা কাস্টমস কর্মকর্তাকে উক্ত রেকর্ডসমূহ প্রদর্শনে অস্বীকৃতি জানাইলে;

(চ) ভয়-ভীতি, মিথ্যা অভিযোগ, বলপ্রয়োগ বা কোনো অন্যায় সুযোগ সুবিধা প্রদানের মাধ্যমে কাস্টমস কর্মকর্তা বা কর্মচারীকে প্রভাবিত করিলে;

(ছ) গ্রাহক কর্তৃক কোনো মিথ্যা তথ্যের মাধ্যমে শুল্ক ও কর এবং অন্যান্য কর ফাঁকির ঘটনা সম্পর্কে অবগত হইবার পর কাস্টমস কর্মকর্তার নিকট উক্ত তথ্য অবহিত না করিলে;

(জ) প্রযোজ্য কোনো শুল্ক ও কর বা আমদানি-রপ্তানি পর্যায়ে আরোপযোগ্য অন্য কোনো শুল্ক বা কর ফাঁকি বা প্রচলিত আইনের অধীনে আরোপিত শর্ত বা নিষেধাজ্ঞা এড়াইবার উদ্দেশ্যে কোনো জাল দলিল প্রস্তুত করিয়া কাস্টমস কর্মকর্তার নিকট দাখিল করিলে;

(ঝ) কাস্টমস প্রক্রিয়া অসম্পন্ন থাকাবস্থায় কোনো পণ্য ঘোষণা বা তৎসংশ্লিষ্ট দলিলাদি কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক অন্যূন ২ (দুই) বার লিখিতভাবে দাখিলের তাগিদ প্রদানের পরেও উহা দাখিল না করিলে;

(ঞ) এক্সপ্রেস প্রতিষ্ঠানের অবহেলা বা অসদাচরণের কারণে কোনো বকেয়া পাওনা উদ্ভব হইলে;

(ট) যথাসময়ে লাইসেন্স নবায়নের উদ্যোগ গ্রহণ ও নবায়ন না করিলে;

(ঠ) মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩ এর অধীন প্রদত্ত লাইসেন্স বাতিল হইলে;

(ড) গ্রাহকের নিকট হইতে বিধি বহির্ভূত অর্থ আদায় বা তাহাকে অন্য কোনোরূপ হয়রানি করিলে;

(ঢ) বিধি ২৫ এ বর্ণিত কোনো অপরাধ একই মেয়াদে দুই বারের অধিক সংঘটন করিলে; এবং

(ণ) এই বিধিমালার অধীন অর্পিত কোনো দায়িত্ব পালন না করিলে।

(২) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স বাতিল করিবার পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রয়োজনে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লাইসেন্স স্থগিত করিতে পারিবে।

(৩) কোনো লাইসেন্স স্থগিত বা বাতিল করা হইলে কাস্টমস কম্পিউটার সিস্টেমে লাইসেন্সির জন্য বরাদ্দকৃত ইউজার আইডি, পাসওয়ার্ড ও ESPIN অকার্যকর করিতে হইবে।

১২। **এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যচালানের ক্যাটাগরি ও মোড়কীকরণ**।— (১) এক্সপ্রেস সার্ভিসযোগে আমদানিকৃত পণ্যচালানের ক্যাটাগরিসমূহ হইবে নিম্নরূপ, যথা:—

(ক) **ক্যাটাগরি-১ এর আওতাভুক্ত পণ্য:** বাণিজ্যিক মূল্যবিহীন ডকুমেন্টস হিসাবে ঘোষিত পণ্য চালান বা পার্সেলসমূহ;

(খ) **ক্যাটাগরি-২ এর আওতাভুক্ত পণ্য:** বাণিজ্যিকভাবে বিক্রয়ের উদ্দেশ্যবিহীন অথবা আইনানুগভাবে শুল্ক ও কর অব্যাহতিপ্রাপ্ত পণ্য, যথা:—

(অ) নমুনা;

(আ) বিজ্ঞাপন সামগ্রী;

(ই) উপহার সামগ্রী;

(ঈ) ডি মিনিমিস (De minimis) সুবিধাপ্রাপ্ত পণ্য;

(গ) **ক্যাটাগরি-৩ এর আওতাভুক্ত পণ্য:** আন্তঃসীমান্ত ই-কমার্স প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে সরবরাহের উদ্দেশ্যে প্রেরিত ৩০ (ত্রিশ) কেজির নিম্নের ওজন বিশিষ্ট পণ্যচালান;

(ঘ) **ক্যাটাগরি-৪ এর আওতাভুক্ত পণ্য:** ক্যাটাগরি-১, ক্যাটাগরি-২ ও ক্যাটাগরি-৩ ব্যতীত এক্সপ্রেস সার্ভিসযোগে আমদানিকৃত ৩০ (ত্রিশ) কেজির নিম্নের ওজন বিশিষ্ট কোনো পণ্যচালান।

(২) এক্সপ্রেস সার্ভিসযোগে আমদানি করা হইলেও ৩০ (ত্রিশ) কেজির উর্ধ্ব ওজনের কোনো পণ্য চালান বা পার্সেলের ক্ষেত্রে এই বিধিমালার সুবিধাদি প্রযোজ্য হইবে না এবং উহা স্বাভাবিক পণ্যচালান হিসাবে কাস্টমস আনুষ্ঠানিকতা সম্পন্ন করিতে হইবে।

(৩) এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, আমদানিকৃত পণ্যচালান উপ-বিধি (১) এ বর্ণিত ক্যাটাগরি অনুসারে বিভক্ত করিয়া পৃথক পৃথক মোড়ক দ্বারা মোড়কজাত করিতে হইবে।

(৪) একই মাস্টার এয়ারওয়ে বিল বা কার্গো ঘোষণায় পৃথক পৃথক মোড়ক নম্বরসহ একাধিক ক্যাটাগরির পণ্য প্রেরণ করা যাইবে, তবে এক ক্যাটাগরির পণ্য অন্য কোনো ক্যাটাগরি পণ্যের সহিত কোনোক্রমেই সংমিশ্রণ করিয়া একই মোড়কে আমদানি করা যাইবে না।

(৫) প্রতিটি পণ্যের মোড়কের গায়ে হাউস এয়ারওয়ে বিল নম্বর বা কনসাইনমেন্ট নোট নম্বর ও প্রাপকের নাম ও ঠিকানা, উপ-বিধি (১) অনুযায়ী শ্রেণিবিন্যাস করিয়া এবং পণ্যের ধরণ, পণ্যের বিবরণ, ওজন ইত্যাদি তথ্য স্পষ্টাক্ষরে সংযুক্ত করিয়া প্রেরণ করিতে হইবে।

(৬) একটি মাস্টার এয়ারওয়ে বিল বা কার্গো ঘোষণার অন্তর্গত সকল পণ্যচালান বা প্যাকেটসমূহ সংশ্লিষ্ট লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউসের বরাদ্দকৃত স্থানে প্রবেশের পর পৃথকভাবে সংরক্ষণ করিতে হইবে যাহাতে উহা সহজে শনাক্ত করা যায়।

১৩। **কতিপয় পণ্যের ক্ষেত্রে বিধি-নিষেধ**।— নিম্নবর্ণিত কতিপয় পণ্যের প্রকৃতি, মূল্য এবং বৈশিষ্ট্য বিবেচনায় অতিরিক্ত সতর্কতা অবলম্বনের প্রয়োজনীয়তা থাকায় উহা এক্সপ্রেস সার্ভিসযোগে আমদানি করা হইলেও এই বিধিমালার আওতায় উহার কাস্টমস আনুষ্ঠানিকতা সম্পন্ন করা যাইবে না, যথা:-

(ক) অতি মূল্যবান এবং মূল্যবান দ্রব্য;

(খ) প্রাণী এবং উদ্ভিদ;

(গ) পচনশীল পণ্য;

(ঘ) বিদ্যমান আমদানি নীতি আদেশ অনুসারে নিয়ন্ত্রিত পণ্য অথবা সঙ্গনিরোধ সনদের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ পণ্য অথবা ভৌত বা রাসায়নিক পরীক্ষার মাধ্যমে যথাযথ মান সনদ প্রাপ্তি সাপেক্ষে খালাসের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ কোনো পণ্য;

(ঙ) ৩০ (ত্রিশ) কেজি বা তদুর্ধ্ব ওজনের কোনো পণ্যচালান বা পার্সেল যাহার ক্ষেত্রে স্বাভাবিক পণ্যচালান হিসাবে যাবতীয় কাস্টমস আনুষ্ঠানিকতা পরিপালনযোগ্য; এবং

(চ) মেইলিং অপারেটর অ্যান্ড কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩ এর তফসিল ৬ এ বর্ণিত নিষিদ্ধ কোনো পণ্য।

১৪। **এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যের কার্গো ঘোষণা দাখিল ও প্রক্রিয়াকরণ পদ্ধতি**।— (১) এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্ট বা কাউন্টারপার্ট পণ্যচালান বহনকারী উড়োজাহাজ বা যানবাহন বাংলাদেশের বন্দরে আগমনের উদ্দেশ্যে বন্দর ত্যাগ করিবার পূর্বে আমদানি পণ্যচালানের পূর্ণাঙ্গ হাউস এয়ারওয়ে বিল বা কনসাইনমেন্ট নোট এর তথ্য, যথা, গ্রাহক ও প্রেরকের নাম ও ঠিকানা, পণ্যের নাম, বিবরণ, ওজন এবং প্রেরক কর্তৃক ঘোষিত মূল্য সম্বলিত কার্গো ঘোষণা বা মাস্টার এয়ারওয়ে বিল এবং, প্রযোজ্য ক্ষেত্রে, হাউস এয়ারওয়ে বিল সংশ্লিষ্ট এয়ারলাইন্স বা উহার এজেন্ট এর মাধ্যমে কাস্টমস কম্পিউটার সিস্টেমে প্রেরণ নিশ্চিত করিবে।

(২) উপ-বিধি (১) অনুসারে দাখিলকৃত মাস্টার এয়ারওয়ে বিলের অনুকূলে কোনো এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যের ক্ষেত্রে এক্সপ্রেস সার্ভিস কর্তৃক নিম্নবর্ণিত পদ্ধতিতে হাউস এয়ারওয়ে বিল তৈরি করিতে হইবে, যথা:-

(ক) একক কার্গো ঘোষণা বা মাস্টার এয়ারওয়ে বিলের বিপরীতে একটি এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত সকল ডকুমেন্টস এর বিপরীতে ক্যাটাগরি-১ এর সকল পণ্যের জন্য একটি সমন্বিত হাউস এয়ারওয়ে বিল প্রস্তুত করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সমন্বিত হাউস এয়ারওয়ে বিলের ক্ষেত্রে সকল প্রাপক বা আমদানিকারকের নাম, ঠিকানা ও এয়ারওয়ে বিল নম্বর সম্বলিত একটি তালিকা এক্সপ্রেস সার্ভিস কর্তৃক সংরক্ষণ করিতে হইবে, প্রযোজ্য ক্ষেত্রে, কাস্টমস কম্পিউটার সিস্টেমে উহা আপলোড করিতে হইবে এবং কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক চাহিবামাত্র উহা ম্যানুয়ালি বা ইলেকট্রনিক মাধ্যমে সরবরাহ করিতে হইবে; এবং

(খ) একক কার্গো ঘোষণা বা মাস্টার এয়ারওয়ে বিলের বিপরীতে একটি এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত ক্যাটাগরি-২, ক্যাটাগরি-৩ এবং ক্যাটাগরি-৪ এর সকল পণ্যচালানের জন্য পণ্যচালানভিত্তিক পৃথক হাউস এয়ারওয়ে বিল প্রস্তুত করিতে হইবে।

১৫। **এক্সপ্রেস সার্ভিসের মাধ্যমে আনীত পণ্যে ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতির প্রয়োগ**।— (১) কাস্টমস কম্পিউটার সিস্টেমে দাখিলকৃত ম্যানিফেস্ট পর্যালোচনাপূর্বক ঝুঁকি ব্যবস্থাপনার স্বয়ংক্রিয় পদ্ধতিতে উচ্চ ঝুঁকির পণ্যচালান কায়িক পরীক্ষণের জন্য শনাক্ত করিতে হইবে।

(২) যে সকল পণ্যচালান ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় উচ্চ ঝুঁকিপূর্ণ পণ্যচালানের আওতায় পড়িবে না সেই সকল পণ্যচালান যথাসম্ভব দ্রুততার সহিত খালাস প্রদান করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ যাহাই থাকুক না কেন, সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে যে কোনো পণ্যচালানই কায়িক পরীক্ষার জন্য মনোনয়ন করা যাইবে।

১৬। **এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত কার্গো আগমনের পর গৃহীতব্য কার্যক্রম**।— (১) এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত কার্গো আগমনের পর সংশ্লিষ্ট এয়ারলাইন্স বা, প্রযোজ্য ক্ষেত্রে, অন্য কোনো যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত কার্গো ঘোষণার বিষয়ে কাস্টমস কর্তৃপক্ষের অনাপত্তি (প্রযোজ্য ক্ষেত্রে) প্রাপ্তি সাপেক্ষে অনাবশ্যক বিলম্ব ব্যতীত হ্যান্ডলিং এজেন্ট পণ্যচালান লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের নিকট উহার বন্ডেড ওয়্যারহাউজে গুদামজাতকরণের উদ্দেশ্যে হস্তান্তর করিবে এবং লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান উক্ত পণ্যচালান বুঝিয়া লইবে।

(২) লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান উক্ত পণ্যচালান তাহার জন্য নির্ধারিত বন্ডেড ওয়্যারহাউজে যথাযথভাবে সংরক্ষণ করিবে।

(৩) লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক উহার বন্ডেড ওয়্যারহাউজে গুদামজাতকরণের উদ্দেশ্যে পণ্যচালান প্রবেশকালে কাস্টমস কর্মকর্তার উপস্থিতিতে স্ক্যানিং মেশিনে স্ক্যানিং অথবা, ক্ষেত্রমত, কায়িক পরীক্ষা (physical examination) করিতে হইবে।

(৪) কোনো পণ্য হ্যান্ডলিং এজেন্ট কর্তৃক সংশ্লিষ্ট লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের নিকট হস্তান্তরের পূর্বে হারাইয়া গেলে বা ক্ষতিগ্রস্থ হইলে উক্ত পণ্যের বিপরীতে প্রযোজ্য শুল্ক ও কর এবং অন্যান্য করসহ যাবতীয় দায়িত্ব হ্যান্ডলিং এজেন্ট বহন করিবে।

(৫) কোনো পণ্য সংশ্লিষ্ট লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের নিকট হস্তান্তরের পর, কিন্তু খালাসের পূর্বে হারাইয়া গেলে বা ক্ষতিগ্রস্থ হইলে উক্ত পণ্যের বিপরীতে প্রযোজ্য শুল্ক ও কর এবং অন্যান্য করসহ যাবতীয় দায়-দায়িত্ব লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান বহন করিবে।

(৬) লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান উহার মাধ্যমে আনীত সকল পণ্যের একটি ইলেকট্রনিক রেজিস্টার সংরক্ষণ করিবে যাহাতে পণ্যচালান আগমন ও খালাসের যাবতীয় তথ্য যথাযথভাবে নিয়মিত হালনাগাদ থাকে এবং উক্ত রেজিস্টারের পর্যাপ্ত নিরাপত্তা ও ব্যাক-আপ সংরক্ষণ করিবে:

তবে শর্ত থাকে যে, বর্ণিত ইলেকট্রনিক রেজিস্টারে কাস্টমস কর্মকর্তাকে প্রয়োজনীয় অ্যাকসেস প্রদান করিতে হইবে।

(৭) রাজস্ব ঝুঁকিসহ যে কোনো ঝুঁকিপূর্ণ পণ্যের বাড়তি নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য যথোপযুক্ত কাস্টমস কর্মকর্তা লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানকে নির্দেশ প্রদান করিতে পারিবে এবং উক্ত নির্দেশের পরিপ্রেক্ষিতে লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক বন্ডেড ওয়্যারহাউজে উক্ত পণ্য অধিকতর নিরাপত্তাসহ সংরক্ষণ করিতে হইবে।

১৭। **এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যের ঘোষণা দাখিলের পদ্ধতি**।— (১) লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যের ক্ষেত্রে বিধি ১৩ এর উপ-বিধি (১) এ বর্ণিত বিভিন্ন ক্যাটাগরির ভিত্তিতে পণ্যচালান ছাড়করণের উদ্দেশ্যে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া কাস্টমস কম্পিউটার সিস্টেমে আইনের ধারা ৮১ অনুসারে পণ্যের ঘোষণা অর্থাৎ বিল অব এন্ট্রি দাখিল করিতে হইবে-

(ক) **ক্যাটাগরি-১:** একক মাস্টার এয়ারওয়ে বিল বা কার্গো ঘোষণার মাধ্যমে কোনো লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত সকল ডকুমেন্টস এর বিপরীতে প্রস্তুতকৃত সমন্বিত হাউস এয়ারওয়ে বিলের ভিত্তিতে এক্সপ্রেস সার্ভিস কর্তৃক নিজ নামে কাস্টমস কম্পিউটার সিস্টেমে কতিপয় একান্ত আবশ্যক সুর্নির্দিষ্ট মৌলিক তথ্য সম্বলিত (simplified) ঘোষণা বা বিল অব এন্ট্রি দাখিল করিতে হইবে;

(খ) **ক্যাটাগরি-২ ও ক্যাটাগরি ৩:** একক মাস্টার এয়ারওয়ে বিল বা কার্গো ঘোষণার মাধ্যমে কোনো লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানযোগে আনীত ক্যাটাগরি-২ ও ক্যাটাগরি ৩ এর সকল পণ্যের ক্ষেত্রে প্রত্যেকটির জন্য প্রস্তুতকৃত ভিন্ন ভিন্ন হাউস এয়ারওয়ে বিলের বিপরীতে ক্ষমতাপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক কাস্টমস কম্পিউটার সিস্টেমে কতিপয় একান্ত আবশ্যক

মৌলিক তথ্য সম্বলিত (simplified) ঘোষণা বা বিল অব এন্ট্রি প্রত্যেকটি পণ্যচালানের জন্য গ্রাহকের নামে আলাদা আলাদাভাবে দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উপহার সামগ্রী বা ডি-মিনিমিস পণ্যচালানের ক্ষেত্রে গ্রাহক যদি কোনো ব্যক্তি হন তাহা হইলে গ্রাহকের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের কপি দাখিল করিতে হইবে এবং উপহার সামগ্রী বা নমুনা বা ডি-মিনিমিস পণ্যচালানের ক্ষেত্রে গ্রাহক যদি কোনো প্রতিষ্ঠান হন তাহা হইলে উহার মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর বা ক্ষেত্রমত, কাস্টমস স্টেশন কর্তৃক প্রদত্ত Consignee Identification Number (CIN) উল্লেখ করিয়া পণ্য ঘোষণা বিল অব এন্ট্রি দাখিল করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, গ্রাহক কর্তৃক তাহার নামে আনীত পণ্য খালাসের জন্য প্রত্যেকটি হাউস এয়ারওয়ে বিলের বিপরীতে লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানকে ক্ষমতা অর্পণের দলিলাদি থাকিতে হইবে:

(গ) **ক্যাটাগরি-৪:** একক কার্গো ঘোষণা বা মাস্টার এয়ারওয়ে বিলের মাধ্যমে কোনো লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানযোগে আনীত ক্যাটাগরি-৪ এর সকল পণ্যচালানের ক্ষেত্রে প্রতিটি চালানের জন্য প্রস্তুতকৃত ভিন্ন ভিন্ন হাউস এয়ারওয়ে বিলের বিপরীতে লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান বা কোনো কাস্টমস ক্লিয়ারিং এজেন্ট কর্তৃক কাস্টমস কম্পিউটার সিস্টেমে প্রযোজ্য সকল তথ্য সম্বলিত পণ্য ঘোষণা বা বিল অব এন্ট্রি প্রত্যেকটি পণ্যচালানের জন্য গ্রাহকের নামে আলাদা আলাদাভাবে দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, গ্রাহক কর্তৃক তাহার নামে আনীত পণ্য খালাসের জন্য প্রত্যেকটি হাউস এয়ারওয়ে বিলের বিপরীতে লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানকে বা কোনো কাস্টমস ক্লিয়ারিং এজেন্টকে ক্ষমতা অর্পণের দলিলাদি থাকিতে হইবে।

(২) লাইসেন্সপ্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান এই বিধির অধীন পণ্যের ঘোষণা দাখিলের ক্ষেত্রে আইনের ধারা ২৪৩ এর উপ-ধারা (১) অনুসারে এজেন্ট লাইসেন্স প্রাপ্ত হিসাবে গণ্য হইবে এবং উহাকে আইনের ধারা ২৪৪ ও ধারা ২৪৫ এর বাধ্যবাধকতা ও শর্তসমূহ পরিপালন করিতে হইবে।

১৮। **এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যের কায়িক পরীক্ষণ**।— (১) এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্য ছাড়করণের জন্য কাস্টমস কম্পিউটার সিস্টেমে পণ্যের ঘোষণা দাখিলের পরে ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় স্বয়ংক্রিয়ভাবে নির্বাচিত পণ্যচালানই কেবল কায়িক পরীক্ষণ করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো পণ্যচালান সম্পর্কে সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্য থাকিলে তাহা যথাযথ কাস্টমস কর্মকর্তা কর্তৃক কায়িক পরীক্ষণ করা যাইবে।

(২) কায়িক পরীক্ষণের জন্য মনোনীত পণ্যচালান সংশ্লিষ্ট এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান যথোপযুক্ত কাস্টমস কর্মকর্তার সম্মুখে কায়িক পরীক্ষণের জন্য উপস্থাপন করিবে।

(৩) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত সকল পণ্য ক্যাটাগরি নির্বিশেষে যথোপযুক্ত কাস্টমস কর্মকর্তার উপস্থিতিতে ১০০% (শতভাগ) স্ক্যানিং সম্পন্ন করিতে হইবে।

(৪) কায়িক পরীক্ষণের জন্য মনোনীত পণ্যচালান যথাযথ কাস্টমস কর্মকর্তা কর্তৃক কায়িক পরীক্ষণের পর কায়িক পরীক্ষা প্রতিবেদন কাস্টমস কম্পিউটার সিস্টেমের যথাযথ স্থানে দ্রুততম সময়ের মধ্যে দাখিল করিতে হইবে।

১৯। **এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যের শুল্কায়ন**।— (১) বিধি ১৮ এর আওতায় কায়িক পরীক্ষণ করা হইলে উক্ত পরীক্ষণ প্রতিবেদনের ভিত্তিতে বা কাস্টমস কম্পিউটার সিস্টেমে ইয়েলো চ্যানেল অর্থাৎ দলিলাদি যাচাইয়ের জন্য নির্বাচিত পণ্যচালানের ক্ষেত্রে সংশ্লিষ্ট যথোপযুক্ত কাস্টমস কর্মকর্তা আইনের বিধান মোতাবেক পণ্যচালানের শুল্কায়ন করিবেন।

(২) শুল্কায়নকালে কাস্টমস কম্পিউটার সিস্টেমে দাখিলকৃত তথ্য ও দলিলাদিতে কোনো অসঙ্গতি পরিলক্ষিত হইলে বা অতিরিক্ত কোনো দলিলাদি দাখিলের প্রয়োজনীয়তা থাকিলে যথোপযুক্ত কাস্টমস কর্মকর্তা গ্রাহক বা এক্সপ্রেস সার্ভিসকে বা, প্রযোজ্য ক্ষেত্রে, কাস্টমস ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং এজেন্টকে মূল দলিলের হার্ডকপি দাখিলের নির্দেশনা প্রদান করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর নির্দেশনার পরিপ্রেক্ষিতে কোনো তথ্য ও দলিলাদি চাওয়া হইলে তাহা দ্রুততর সময়ের মধ্যে দাখিল করিতে হইবে এবং যথোপযুক্ত কাস্টমস কর্মকর্তা উহা যাচাই করিয়া যথাযথ প্রাপ্তি সাপেক্ষে দ্রুততম সময়ে শুল্কায়ন সম্পন্ন করিবে।

২০। **এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যের প্রযোজ্য শুল্ক ও কর, অন্যান্য কর ও চার্জ পরিশোধ এবং খালাস**।— (১) শুল্কায়ন সম্পন্নের পর কোনো শুল্ক ও কর, অন্যান্য কর, ফি বা চার্জ প্রযোজ্য হইলে এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানকে প্রি-পেমেন্ট পদ্ধতিতে তাহার সোনালী ব্যাংক পিএলসিতে রক্ষিত হিসাব হইতে অথবা গ্রাহক বা তাহার মনোনীত এজেন্ট কর্তৃক ইলেকট্রনিক পেমেন্ট পদ্ধতি ব্যবহার করিয়া পরিশোধ করিতে হইবে।

(২) প্রযোজ্য শুল্ক ও কর, অন্যান্য কর, ফি বা চার্জ পরিশোধ করিবার জন্য সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের সোনালী ব্যাংক পিএলসি এর শাখায় এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের নামে প্রি-পেইড হিসাব থাকিতে হইবে এবং উক্ত ব্যাংক হিসাবে শুল্ক ও কর, অন্যান্য কর, ফি বা চার্জ পরিশোধ করিবার পর্যাপ্ত অর্থের স্থিতি থাকিতে হইবে।

(৩) প্রযোজ্য শুল্ক ও কর, অন্যান্য কর, ফি বা চার্জ পরিশোধিত হইলে কাস্টমস কম্পিউটার সিস্টেম হইতে রিলিজ অর্ডার এবং এক্সিট নোট ইস্যুর মাধ্যমে পণ্যচালান খালাস সম্পন্ন হইবে।

(৪) কাস্টমস সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পন্নের পর যথাসম্ভব দ্রুততার সহিত পণ্যচালান এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক কাস্টমস স্টেশন হইতে নিজস্ব ওয়্যারহাউসে লইয়া যাইতে হইবে এবং উক্ত ওয়্যারহাউস বা ডেলিভারি পয়েন্ট হইতে যথাশীঘ্র সম্ভব গ্রাহককে সরবরাহ করিতে হইবে।

(৫) পণ্যচালান খালাসের পর গ্রাহক পর্যন্ত পৌঁছাইবার ক্ষেত্রে এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান দায়বদ্ধ থাকিবে।

২১। **অখালাসকৃত পণ্যের নিষ্পত্তি**।— আইনের ধারা ৯৪ এর আওতায় উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হওয়া সত্ত্বেও যে সকল পণ্যচালান শুল্কায়নপূর্বক খালাস গ্রহণ করা হইবে না, সেই সকল পণ্যচালানের ক্ষেত্রে হ্যান্ডলিং এজেন্ট বা, ক্ষেত্রমত, এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান কার্গো ঘোষণা বা মাস্টার এয়ারওয়ে বিল নম্বর, হাউজ এয়ারওয়ে বিল নম্বর, পণ্যের বিবরণ, পরিমাণ ও ওজন উল্লেখপূর্বক তালিকা প্রস্তুত করিয়া নিলামের জন্য কাস্টমস কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিবে।

২২। **কাস্টমস কম্পিউটার সিস্টেমের সাথে আন্তঃসংযোগ স্থাপন**।— এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহার্য নিজস্ব স্বয়ংক্রিয় সিস্টেম হইতে গেটওয়ে ব্যবহারের মাধ্যমে কাস্টমস কম্পিউটার সিস্টেমের সহিত আন্তঃসংযোগ স্থাপনের ব্যবস্থা থাকিতে হইবে এবং এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক উহার স্বয়ংক্রিয় সিস্টেমে কাস্টমস কর্মকর্তাদের প্রয়োজনীয় সকল তথ্য পর্যবেক্ষণ করিবার জন্য অ্যাকসেস প্রদান করিতে হইবে।

২৩। **এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের দায়িত্ব ও কর্তব্য**।— এই বিধিমালার অধীন এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান নিম্নবর্ণিত দায়িত্ব ও কর্তব্য পালন করিবে, যথা:-

(ক) কোনো পণ্যচালান গুদামজাতকরণের উদ্দেশ্যে অন্য কোনো এক্সপ্রেস সার্ভিস বা তৃতীয় কোনো ব্যক্তিকে আংশিক বা সম্পূর্ণরূপে হস্তান্তর করা যাইবে না;

(খ) এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান আমদানি বা রপ্তানি সংশ্লিষ্ট যাবতীয় দলিলাদি আইনের ধারা ২৪৬ অনুসারে যথাযথভাবে সংরক্ষণ করিবে এবং উহাতে কাস্টমস কর্মকর্তাকে প্রয়োজনীয় অ্যাকসেস প্রদান করিবে;

(গ) পণ্যচালান বন্দরে অবতরণের অব্যবহিত পরে পণ্যের বিস্তারিত বিবরণ, পণ্য অবতরণের তারিখ ও সময়, পণ্য খালাস পদ্ধতি এবং প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি উল্লেখ করিয়া গ্রাহকের বরাবরে নোটিশ প্রেরণ করিবে;

(ঘ) গ্রাহক অথবা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির পরিচয় নিশ্চিতকরণ সাপেক্ষে পণ্য হস্তান্তর করিবে;

(ঙ) অভ্যন্তরীণ নিরাপত্তা, লজিস্টিকস, ট্র্যাকিং প্রযুক্তিসহ দ্রুততর খালাস পদ্ধতি বাস্তবায়নের জন্য বিধি ৯ এর উপ-বিধি (২) এ উল্লিখিত জনবল, অফিস সরঞ্জাম ও তথ্য প্রযুক্তি নির্ভর সিস্টেম রাখিবে; এবং

(চ) চোরাচালান বা শুল্ক ও কর ফাঁকি বা আমদানি-রপ্তানির ক্ষেত্রে পরিপালনযোগ্য কোনো বাধ্যবাধকতার ব্যত্যয় পরিলক্ষিত হইলে সঙ্গে সঙ্গে উহার তথ্য যথাযথ কাস্টমস কর্মকর্তাকে অবহিত করিবে ।

২৪। **প্রিন্সিপাল বা বৈধ এজেন্টের দায়িত্ব ও কর্তব্য**।— এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্টের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:-

(ক) এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের প্রিন্সিপাল, তাহার বৈধ এজেন্ট বা কাউন্টারপার্ট পণ্য চালানকে বিধি ১৩ এর উপ-বিধি (১) এ বর্ণিত ক্যাটাগরিতে বিন্যস্ত করিয়া বিধি ১৩ এর উপ-বিধি (২), (৩) ও (৪) অনুসরণপূর্বক একই মাস্টার এয়ারওয়ে বিল বা কার্গো ঘোষণার বিপরীতে পৃথক পৃথক মোড়কের মাধ্যমে প্রেরণ করিবে;

(খ) প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্ট বা কাউন্টারপার্ট কর্তৃক করণীয় দায়-দায়িত্ব প্রতিপালনে অবহেলা, অসামর্থ্য বা অসহযোগিতা পরিলক্ষিত হইলে উহার দায়-দায়িত্ব উক্ত প্রিন্সিপাল বা তাহার বৈধ এজেন্ট বা কাউন্টারপার্ট এর লাইসেন্স প্রাপ্ত এক্সপ্রেস সার্ভিস বহন করিবে।

২৫। **জরিমানা**।— (১) এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের কর্মকাণ্ডের কারণে কোনো শুল্ক ও কর ফাঁকি হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ তজ্জন্য যে পরিমাণ শুল্ক কর ফাঁকি হইয়াছে উহার অনধিক দ্বিগুণ পরিমাণ অর্থ কিন্তু অন্যূন ১ (এক) লক্ষ টাকা জরিমানা করিতে পারিবে।

(২) এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক শুল্ক ও কর এবং অন্যান্য কর ফাঁকির প্রচেষ্টা গ্রহণ করা হইলে এবং উক্ত ফাঁকি সংঘটিত না হইলেও লাইসেন্সিং কর্তৃপক্ষ তজ্জন্য উক্ত ফাঁকি সংঘটিত হইলে যেই পরিমাণ রাজস্ব ক্ষতি সাধিত হইত উহার অনধিক ৫০ (পঞ্চাশ) শতাংশ কিন্তু অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা জরিমানা করিতে পারিবে।

(৩) এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক বিধি ১১ এর উপ-বিধি (১) এ বর্ণিত কোনো কার্য, যাহা শুল্ক ও কর ফাঁকির সহিত সম্পৃক্ত নহে, সংঘটিত হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ তজ্জন্য অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা কিন্তু অনধিক ২ (দুই) লক্ষ টাকা জরিমানা করিতে পারিবে।

(৪) জরিমানা আরোপের ক্ষেত্রে এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানকে ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাইবার সুযোগ প্রদান করিতে হইবে।

(৫) কোনো পঞ্জিকা বর্ষে কোনো এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান দুই বার অপরাধ করিলে অভ্যাসগত অপরাধী বলিয়া গণ্য হইবে এবং এইরূপ এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের ESPIN কাস্টমস অটোমেশনের সিলেক্টিভিটি মডিউলে ঝুঁকি ব্যবস্থাপনার অন্তর্ভুক্ত হইবে ও ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় কঠোর নজরদারিতে থাকিবে।

২৬। **কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ**।— এই বিধির অধীন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে যদি এমন কোনো বিষয়ের উদ্ভব হয় যাহা এই বিধিমালায় উল্লেখ নাই, সেই সকল ক্ষেত্রে কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

২৭। **রহিতকরণ ও হেফাজত**।— (১) কুরিয়ার সার্ভিস (শুল্কায়ন) পরিচালনা এবং লাইসেন্সিং বিধিমালা, ২০১৬, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন-

(ক) কৃত কোনো কাজ বা গৃহীত কোনো ব্যবস্থা, প্রদত্ত কোনো লাইসেন্স এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত বা প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোনো কার্যক্রম চলমান থাকিলে উহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**ফরম-ক**

[বিধি ৫ দ্রষ্টব্য]

**এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যের কাস্টমস সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পাদনের জন্য লাইসেন্স প্রাপ্তির আবেদন**

| পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি |
|---|

কোর্ট ফি স্ট্যাম্প

বরাবর,

সভাপতি

লাইসেন্সিং কর্তৃপক্ষ [(কাস্টমস কমিশনার (বন্ড)/কমিশনার অব কাস্টমস]

.........................................

মহোদয়,

আমি/আমরা ......................................................... এক্সপ্রেস পদ্ধতির আওতাভুক্ত পণ্যচালান দ্রুত খালাসকরণ বিধিমালা, ২০২৪ এর আওতায় এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান হিসেবে কাস্টমস সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পাদনের জন্য লাইসেন্স-এর আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা:-

১। আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা (জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর কপি যুক্ত করিতে হইবে):

২। জাতীয়তা:

৩। প্রতিষ্ঠানের নাম:

৪। প্রতিষ্ঠানের ঠিকানা:

৫। ব্যবসার ধরণ (ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারি, লিমিটেড কোম্পানি ইত্যাদি) (কপি সংযুক্ত করিতে হইবে):

৬। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম ও ঠিকানা (জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর কপি যুক্ত করিতে হইবে):

৭। এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম ও নমুনা স্বাক্ষর (সংযুক্ত করিতে হইবে):

৮। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা:

৯। মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩ এর তফসিল-৪ এর অধীন প্রাপ্ত লাইসেন্সের কপি (সংযুক্ত করিতে হইবে):

১০। প্রিন্সিপালের সহিত সম্পাদিত চুক্তিপত্র (কপি সংযুক্ত করিতে হইবে):

১১। ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর:

১২। মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর:

১৩। সোনালী ব্যাংকের চলতি হিসাব নম্বরসহ সোনালী ব্যাংকের ঠিকানা:

১৪। আর্থিক স্বচ্ছলতা বিষয়ক ব্যাংকের সনদপত্র (কপি সংযুক্ত করিতে হইবে):

১৫। পণ্য সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের অভ্যন্তরে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত স্থানের বরাদ্দপত্রের অনুলিপি (কপি সংযুক্ত করিতে হইবে):

১৬। অফিসের স্থানের মালিকানা দলিল বা ভাড়ার চুক্তিপত্র (কপি সংযুক্ত করিতে হইবে):

১৭। ট্রেড লাইসেন্সের কপি (কপি সংযুক্ত করিতে হইবে):

১৮। প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা (কপি সংযুক্ত করিতে হইবে):

১৯। লাইসেন্স প্রাপ্তির আবেদন ইতঃপূর্বে প্রত্যাখান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে:

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা এক্সপ্রেস পদ্ধতির আওতাভুক্ত পণ্যচালান দ্রুত খালাসকরণ বিধিমালা, ২০২৪ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স পাইলে আমি/আমরা এই বিধিমালার বিধানাবলিসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলি মানিয়া চলিব।

আপনার বিশ্বস্ত,

তারিখ:

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সিল)

**সংযুক্তি:** (বিধি ৫ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা দিতে হইবে)

[**নোট:** আবেদনপত্রে কোনো প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।]

**ফরম-খ**

[বিধি ৬(২)(ক) দ্রষ্টব্য]

**নিরাপত্তা জামানত**

২০.......... সনের ............................... নম্বর

এই দলিল দ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, আমি/আমরা এই মর্মে বাংলাদেশের সরকারের নিকট .................................................................................... টাকার দায়ে দৃঢ়ভাবে আবদ্ধ যাহা পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং আমাদের সকল উত্তরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে আজ দুই হাজার ................ সনের ................... মাসের ............... তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু ....................................................... কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ১২ এর আওতায় এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যের কাস্টমস সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পাদনের জন্য লাইসেন্স প্রাপ্ত হইয়াছি, সেহেতু আইনের ধারা ৯৬ এর দফা (চ), ধারা ২৪৩ এর উপ-ধারা (২) এবং ধারা ২৬৩ এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হইতে সম্মত হইলাম, এবং

যেহেতু .................................................. বাংলাদেশের সরকারের সহিত আমার, আমার করণিক এবং কর্মচারীর কাস্টমস সংক্রান্ত বিধিবিধান এবং সেই স্থানের কর্মকর্তাদের পক্ষে বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জামানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরি-উল্লিখিত বন্ডের শর্ত এই যে, যদি ............................ এবং তাহার করণিক এবং কর্মচারী এই লাইসেন্স ধারণকালে নিজেরা উপরি-বর্ণিত আচরণ কাস্টমস সংক্রান্ত বিধিবিধান মোতাবেক বিশ্বস্থতার সহিত সম্পাদন এবং এক্সপ্রেস সার্ভিস হিসাবে তাহার কর্মকান্ড এবং যদি .................................. এবং তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশের সরকারের অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যা ................................... বা তাহার করণিক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশের সরকারের অনুকূলে প্রদান করা না হয় তবে উপরি-উল্লিখিত বন্ড অকার্যকর হইবে; অন্যথায় ইহা সম্পূর্ণরূপে কার্যকরী থাকিবে এবং ইহার ভিত্তিতে ইহা এই মর্মে সম্মত হইয়া ঘোষণা করা হইতেছে যে, বাংলাদেশের সরকারের উপরি-বর্ণিত ..................... টাকা যাহা তাহার করণিক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য সরকার প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশের সরকারের অনুকূলে পরিশোধের জন্য ব্যবহৃত করা যাইবে এবং এই মর্মে সম্মত হইয়াছি যে, .......................... টাকা বাংলাদেশের সরকারের অনুকূলে ৬ (ছয়) মাস পর্যন্ত রক্ষিত থাকিবে যাহাতে .................................. এক্সপ্রেস সার্ভিস লাইসেন্স বাতিল হওয়ার পর তাহার দ্বারা সংগঠিত কিন্তু উদঘাটিত হয়নি এইরূপ বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য অর্থ সরকার কর্তৃক আদায়ের জন্য এই বন্ড উল্লিখিত ৬ (ছয়) মাস সময়ের জন্য কার্যকর থাকিবে। আরও সম্মত হইয়াছি যে, বাংলাদেশের সরকারের উপরে উল্লিখিত ..................... টাকা ................................. কর্তৃক তাহার আমদানিকারকের পক্ষে কৃত কোনো কার্যক্রমের ফলে কম পরিশোধিত শুল্ক বা অন্য কোনো চার্জ সম্পূর্ণ বা আংশিক পরিশোধের

জন্য এই বন্ড কার্যকর হইবে যদিও কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ১৭১ এর উপ-ধারা (১) এর টেবিলভুক্ত দফা ২৩ অনুযায়ী দাবিনামা ইতোমধ্যে জারী করা হইয়াছে।

উপস্থিত সাক্ষীগণের উপস্থতিতে উপরিল্লিখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত, সিলমোহরকৃত ও সরবরাহকৃত।

আমার সম্মুখে সম্পাদিত

২০......... সনের .................. তারিখ

১। ..................................................

২। ..................................................

লাইসেন্সিং কর্তৃপক্ষ

**ফরম-গ**

[বিধি ৬(২)(ঙ) এবং ১০(ঝ) দ্রষ্টব্য]

**বন্ড সম্পাদন**

২০.......... সনের ....................................... নম্বর

এই দলিল দ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাইতেছে যে, আমরা .............................. (ক) .......................................... (খ) এই মর্মে বাংলাদেশ সরকারের নিকট ...................... টাকার দায়ে আমরা দৃঢ়ভাবে আবদ্ধ যাহা পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং অমাদের সকল উত্তরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে আজ দুই হাজার ................ সনের ............... মাসের .......... তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু কথিত .......................................... (ক) ........................................ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ১২ এবং ২৪৩ এর আওতায় এক্সপ্রেস সার্ভিস হিসাবে নিয়োগ প্রাপ্ত হইয়াছেন এবং কথিত ...................................... (খ) ................................................. ধারা ৯৬ এর দফা (চ), ধারা ২৪৩ এর উপ-ধারা (২) এবং ধারা ২৬৩ এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হতে সম্মত হইলাম এবং যেহেতু কথিত ........................................... বাংলাদেশ সরকারের সহিত আমার, আমার করণিক এবং কর্মচারীর কাস্টম হাউস/কাস্টম স্টেশন প্রবিধান এবং সেখানকার কর্মকর্তাদের পক্ষে বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জামানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরে লিখিত বন্ডের শর্ত হইতেছে এই যে, কথিত ..................................... (ক) ...................................................... উভয়ই এই প্রাধিকার ধারণকালে কাস্টমস-এর বিধিবিধান অনুযায়ী বিশ্বস্ততার ও দুর্নীতিবিহীনভাবে সর্বদা কার্য সম্পাদন করিব এবং এক্সপ্রেস সার্ভিস হিসাবে তাহার কর্মকান্ড এবং (খ) ........................................... তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশ সরকারের অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যাহা

কথিত ............................ (ক) ................................... এর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশ সরকারের অনুকূলে প্রদান করা না হয় তবে উপরিল্লিখিত বন্ড অকার্যকর হইবে, অন্যথা এটি সম্পূর্ণরূপে কার্যকরী থাকিবে।

উপস্থিত সাক্ষীগণের উপস্থতিতে উপরিল্লিখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত, সিলমোহরকৃত ও সরবরাহকৃত।

আমার সম্মুখে সম্পাদিত

২০........ সনের

.................. তারিখ

১। ....................................................

২। ....................................................

লাইসেন্সিং কর্তৃপক্ষ

**ফরম-ঘ**

[বিধি ৬(৩) দ্রষ্টব্য]

**এক্সপ্রেস সার্ভিসযোগে আনীত পণ্যের কাস্টমস সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পাদনের জন্য লাইসেন্স**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

কাস্টম হাউস........... / কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কমিশনারেট...........

কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ১২ এবং ২৪৩ এর আওতায় ...................... কাস্টম হাউস/স্টেশনে এক্সপ্রেস সার্ভিস (......................) সার্ভিসযোগে আনীত পণ্যের কাস্টমস সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পাদনের জন্য এক্সপ্রেস পদ্ধতির আওতাভুক্ত পণ্যচালান দ্রুত খালাসকরণ বিধিমালা, ২০২৪ এর বিধি ৬ এর উপ-বিধি (৩) মোতাবেক এই লাইসেন্স প্রদান করা হইল।

লাইসেন্স নম্বর :

ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম :

ঠিকানা :

টেলিফোন / ফ্যাক্স / ই-মেইল:

বন্ডেড ওয়্যারহাউস এর আয়তন: দৈর্ঘ্য (মিটার): প্রস্থ (মিটার) :

উচ্চতা (মিটার): মোট আয়তন (ঘন মিটার):

এই লাইসেন্সটি হস্তান্তরযোগ্য নহে এবং বিধিমালায় বর্ণিত কোনো কারণে বাতিল, সাময়িকভাবে স্থগিত বা নবায়িত করা না হইলে ইস্যুর তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের জন্য বহাল থাকিবে।

তারিখ : (লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল)

পূর্ণ ঠিকানা :

লাইসেন্স নবায়ন-

............................হইতে ................................পর্যন্ত

লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর

**<u>এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠান কর্তৃক পালনীয় শর্তাবলি:</u>**

১। বন্ডেড ওয়্যারহাউসে মজুদ পণ্যের নিরাপদ সংরক্ষণ এবং প্রযোজ্য সকল আইন মানিয়া চলিতে বাধ্য থাকিবেন;

২। কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর যোড়শ অধ্যায় ওয়্যারহাউসিং এ বর্ণিত বিধান এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হইবে;

৩। বোর্ড এবং কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক বন্ডেড ওয়্যারহাউস পরিচালনা বিষয়ে আদেশ, নির্দেশ মানিয়া চলিতে বাধ্য থাকিবেন;

৪। এক্সপ্রেস সার্ভিস প্রতিষ্ঠানের গঠনগত যে কোনো পরিবর্তন, বন্ডেড ওয়্যারহাউস স্থানান্তর বা সম্প্রসারণ বা কোনোরূপ পরিবর্তন/ পরিবর্ধনের ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে এবং এই মর্মে লাইসেন্স সংশোধিত না হওয়া পর্যন্ত যে কোনো পরিবর্তন অবৈধ এবং কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ব্যত্যয় হিসাবে গণ্য করিয়া আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**